

দুগ্ধাদুগ্ধা

প্রিয়া সরদার



শরতের সকাল, হিমেল হাওয়া
আনন্দে তাই হারিয়ে যাওয়া,
নীল আকাশে সাদা মেঘের ভেলা
কাশফুলের মেলা!
কাশফুল আর ঢাকের তালে
শিউলি নাচে ডালে ডালে,
দুগ্ধা আসছেন বছর ঘুরে
খুশির হওয়া তাই বিশ্ব জুড়ে।

রোদের ঝিলিক বলমলে আকাশ,
শিউলি ফুলের গন্ধ
পূজো মানেই পূজোর ক' দিন
সব কাজ বন্ধ।

পূজো মানে ইস্কুলগুলোতে, বাজলো ছুটির ঘন্টা
পূজো এলেই ছোটবেলার দিনগুলোতে,
ছুটে যায় মনটা।
পূজো মানে নতুন করে
আবার ভালোবাসা;
পূজো মানে নতুন জামা আর সাজগোজে
মায়ের পায়ে অঞ্জলী দেওয়া।

পঞ্চমীতে খুশির আমেজ
ষষ্ঠীতে থাক নতুন ছেঁয়া,
ধুনোর গন্ধে ধুনি নাচন
তার সঙ্গে মায়ের বোধন।
সপ্তমীতে হোক নাচানাচি,
অষ্টমীতে অঞ্জলী;
নবমীতে ঘুরেফিরে
আড্ডা জমুক মাঝ রাতে।
অনেক স্বপ্ন পূরণ করে
মহাদেবের হাতটি ধরে,
লক্ষী, গনেশ, সরস্বতী, কার্তিককে সঙ্গে নিয়ে
দশমীতে মা যাবেন কৈলাসে চলে!

দশমীর শেষ বেলা
শুরু হবে সিঁদুরখেলা,
চোখের জলে বিদায় বেলা
মা দুগ্ধার ফেরার পালা।
বিদায়ের সুর বাজবে ঢাকে
মাথা কবে সবার মনের মাঝে।